



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প  
প্রাণিসম্পদ অধিদপ্তর (ডিএলএস)  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫



পশুখাদ্য উৎপাদনে সরকারি অনুদানের বিজ্ঞপ্তি

আবেদনের শেষ তারিখ: ৩০/০৪/২০২৪ খ্রি.


মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়স্বতন্ত্র প্রাণিসম্পদ অধিদপ্তর দেশের প্রাণিসম্পদ খাতের সার্বিক উন্নয়নের লক্ষ্যে বিশ্বব্যাংকের আর্থিক সহযোগিতায় “প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)” বাস্তবায়ন করছে। প্রকল্পটি সরকারি-বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে আধুনিক প্রযুক্তি ও বিশ্বমানের প্রযুক্তি ব্যবহার করে উন্নতমানের পশুখাদ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের উদ্যোগ গ্রহণ করেছে। এ লক্ষ্যে ছোট আকারের ফিড-মিলারদের সাথে অংশীদারিত্ব প্রতিষ্ঠার মাধ্যমে ম্যাচিং গ্রান্টের আওতায় অনুদান প্রদান করা হবে। পার্বত্য অঞ্চলের তিনটি জেলা ব্যতীত দেশের ৬১ টি জেলায় মোট ১০০টি ফিড-মিলারকে আধুনিক যন্ত্রপাতি স্থাপনের উদ্দেশ্যে এ সহায়তা প্রদান করা হবে।

এ লক্ষ্যে আগ্রহী ছোট আকারের ফিড-মিলারদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। দুইটি ধাপে নির্বাচন সম্পন্ন হবে। প্রথম ধাপে নির্ধারিত মানদণ্ডের ভিত্তিতে প্রাপ্ত আবেদনপত্রসমূহ মূল্যায়নের মাধ্যমে সংক্ষিপ্ত তালিকা তৈরি করা হবে। দ্বিতীয় ধাপে সংক্ষিপ্ত তালিকাভুক্ত ফিড-মিলারদের ব্যবসা পরিকল্পনা প্রণয়নে সম্যক ধারণা প্রদানপূর্বক ব্যবসা পরিকল্পনা দাখিলের আহ্বান জানানো হবে। প্রস্তাবের কলা-কৌশল ও যথার্থতা বিবেচনা করে চূড়ান্ত তালিকা প্রণয়ন করা হবে। নির্বাচিত ফিড-মিলারদেরকে প্রস্তাবিত মোট বাজেটের সর্বোচ্চ চল্লিশ ভাগ অর্থ প্রকল্প থেকে প্রদান করা হবে। প্রতিটি ব্যবসা পরিকল্পনার বিপরীতে উক্ত ম্যাচিং গ্রান্টের পরিমাণ হবে সর্বাধিক বিশ লক্ষ পঁচাত্তর হাজার টাকা।

#### আবেদনকারীর যোগ্যতাঃ

১. আবেদনকারীকে বাংলাদেশী নাগরিক হতে হবে।
২. আবেদনকারীর ব্যবসা গবাদিপশুর খাদ্য উৎপাদন সংক্রান্ত হতে হবে এবং এ উৎপাদন কার্যক্রম প্রকল্পের আওতাভুক্ত এলাকায় অবস্থিত হতে হবে;
৩. পশুখাদ্য উৎপাদন ও বিপণনে ফিড-মিলারদের কমপক্ষে এক বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;
৪. আবেদনকারীকে বৈধ ট্রেড লাইসেন্স ও টিআইএন (TIN) সার্টিফিকেট দাখিল করতে হবে;
৫. স্ব স্ব আবেদনপত্রে প্রস্তাবিত মোট বাজেটের কমপক্ষে শতকরা ষাট ভাগ আবেদনকারীকে বহন করতে হবে;
৬. আবেদনকারীকে বেসরকারি ক্ষুদ্র উদ্যোক্তা হতে হবে। পাবলিক লিমিটেড কোম্পানি এবং স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানি আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবে না; এবং
৭. ম্যাচিং গ্রান্ট প্রাপ্তির জন্য মহিলা ফিড-মিলারদের বিশেষভাবে উৎসাহিত করা হবে।

আগ্রহী ছোট আকারের ফিড-মিলারদের আগামী ৩০/০৪/২০২৪ খ্রি. তারিখের মধ্যে এলডিডিপি'র নির্ধারিত ফর্মে আবেদনপত্র নিম্নোক্ত ঠিকানায় জমা দেওয়ার অনুরোধ করা হচ্ছে। আবেদনের ফর্ম এবং বিস্তারিত শর্তবলী প্রকল্পের পোর্টাল <https://lddp.portal.gov.bd> প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েবসাইট [www.dls.gov.bd](http://www.dls.gov.bd), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ওয়েবসাইট [https://mofl.gov.bd](http://mofl.gov.bd) এবং প্রকল্প পরিচালক দপ্তরে পাওয়া যাবে।

  
৩০/০৪/২০২৪

মোঃ আব্দুর রহিম  
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)  
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প  
ফোন: ০২-৫৮১৫৪৯১৩  
ই-মেইল: [lddp@dls.gov.bd](mailto:lddp@dls.gov.bd)



প্রাণিসম্পদ ভবন-২ (৭ম তলা)  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫